গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

http://rangpur.judiciary.org.bd/

অফিস আদেশ

নং ঃ ৭৮/২০২১ তারিখ ঃ ১০/০৬/২০২১ খ্রিঃ।

রংপুর জেলা জজশীপের অতিরিক্ত জেলা জজ ২য় আদালতের মৃত সাঁটলিপিকার মনজুরুল ইসলামের স্ত্রী মোছাঃ আফরোজা খাতুন কর্তৃক দাখিলী তাহার স্বামীর অপরিশোধিত বেতন বিলের অর্থ প্রাপ্তির আবেদনসহ দাখিলী কাগজপত্র, আবেদনকারিনী কর্তৃক উক্ত বেতনের অর্থ প্রাপ্যতা সম্পর্কে অত্রাদালতের হিসাব রক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম এবং পর্যালোচনা করিলাম।

উপরোল্লিখিত অপরিশোধিত বেতন বিলের অর্থ প্রাপ্তির আবেদনপত্রসহ দাখিলী কাগজপত্র এবং অত্রাদালতের হিসাবরক্ষকের ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দৃষ্টে প্রতীয়মান হয় যে, দরখাস্তকারিনী মোছাঃ আফরোজা খাতুন এর স্বামী ০১ স্ত্রী, ০১ পুত্র ও ০১ কন্যাকে ওয়ারিশ রাখিয়া গত ১৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় মৃত্যুবরণ করিয়াছেন। উক্ত ওয়ারিশগণের মধ্যে মৃত্যের স্ত্রীকে অন্যান্য ওয়ারিশগণ উক্ত অপরিশোধিত বেতন বিলের অর্থ উত্তোলনের ক্ষমতা প্রদান করিয়াছেন।

এমতাবস্থায়, অত্র জজশীপের অতিরিক্ত জেলা জজ ২য় আদালতের মৃত সাঁটলিপিকার মনজুরুল ইসলাম গত ১৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় মৃত্যুবরণ করায় তাহার ০১/০৫/২০২১ খ্রিঃ তারিখ হইতে ১৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৪ দিনের অপরিশোধিত বেতন ভাতার অর্থ তাহার স্ত্রী দরখাস্তকারিনী মোছাঃ আফরোজা খাতুনকে উত্তোলনের নিমিত্ত মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ শাহেনূর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং জেঃজঃরং- ২০৫(০৭)/২০২১ তারিখ ঃ ১০/০৬/২০২১ খ্রিঃ।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। বিজ্ঞ অতিরিক্ত জেলা জজ ২য় আদালত, রংপুর।
২। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ, বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
৩। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৫। মোছাঃ আফরোজা খাতুন, স্বামী মৃত মনজুরুল ইসলাম, সাঁটলিপিকার, অতিরিক্ত জেলা জজ ২য় আদালত, রংপুর।
৬। আদেশ বহি/অফিস ফাইল।

( মোঃ শাহেনূর )
সিনিয়র জেলা জজ
রংপুর।
১০/০৬/২০২১